

সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবিতে বিশ্ব মেধাসম্পদ দিবস পালিত


নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) ‘বিশ্ব মেধাসম্পদ দিবস-২০২৫’ পালিত হয়েছে। দিবসটি উপলক্ষে আজ রোববার (২৭ এপ্রিল ২০২৫) নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে র্যালি এবং সেমিনার অনুষ্ঠিত হয়। এতে বিশেষ অতিথি হিসেবে ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ।

দিবসটি উপলক্ষে এ দিন সকাল ১০টায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সামনে থেকে একটি র্যালি বের করা হয়। র্যালিটি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়ামে গিয়ে শেষ হয়। পরে নোবিপ্রবি আইকিউএসি সেমিনার কক্ষে ‘ইন্টেলেকচুয়াল প্রোপার্টি রাইটস: প্রোটেকটিং ইনোভেশন ইন এ গ্লোবাল ইকোনমি’ শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়।

সেমিনারে বিশেষ অতিথির বক্তব্যে উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক বলেন, বিশ্ব মেধাসম্পদ দিবস উপলক্ষে আয়োজিত আজকের সেমিনারে সবাইকে স্বাগত। মেধাস্বত্ব অর্জনের প্রক্রিয়াসমূহ সম্পর্কে আমাদের আরও স্বচ্ছ ধারণা থাকা প্রয়োজন। একই সঙ্গে আমাদের শিক্ষকরা তাদের গবেষণার ফলকে মাঠ পর্যায়ে নিয়ে আসবেন এবং বাণিজ্যিকীকরণ করবেন। পেটেন্ট হলে বিশ্ববিদ্যালয়ের সম্মান যেমন বাড়বে তেমনি এটি ব্যক্তিগত প্রোফাইলকেও সমৃদ্ধ করবে। একই সঙ্গে বিশ্ববিদ্যালয়ের র্যাঙ্কিংয়ের ক্ষেত্রেও ইতিবাচক প্রভাব ফেলবে। ইন্ডাস্ট্রিয়াল লেভেলে পেটেন্ট খুবই গুরুত্বপূর্ণ। আমি আশা করি পেটেন্ট নিয়ে ভবিষ্যতে আমরা বহুদূর এগিয়ে যাবো এবং এই সেমিনারের মাধ্যমে বাস্তব ক্ষেত্রে এর প্রয়োগ করতে পারবো।

আইকিউএসি পরিচালক অধ্যাপক ড. আসাদুন নবীর সভাপতিত্বে সেমিনারে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন নোবিপ্রবি রিসার্চ সেলের পরিচালক অধ্যাপক ড. মুহাম্মদ শফিকুল ইসলাম, শিক্ষা বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ জাহাঙ্গীর সরকার, ছাত্র পরামর্শ ও নির্দেশনা বিভাগের পরিচালক জনাব মোহাম্মদ নিজাম উদ্দিন, আইকিউএসির অতিরিক্ত পরিচালক ড. মোঃ আবদুল কাইয়ুম মাসুদসহ বিভিন্ন অনুষদের ডিনবন্দ, ইনস্টিটিউটের পরিচালকবন্দ, বিভাগের চেয়ারম্যানবন্দ, বিভিন্ন বিভাগের শিক্ষক ও সাংবাদিকবন্দ। সেমিনারে কি-নোট স্পিকার ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের রোবোটিক্স এন্ড মেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগের সহযোগী অধ্যাপক ড. শামিম আহমেদ দেওয়ান। আইকিউএসির অতিরিক্ত পরিচালক জনাব জি এম রাকিবুল ইসলামের সঞ্চালনায় সেমিনারে আলোচক হিসেবে ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের (ইউজিসি) এসপিউএ ডিভিশনের অতিরিক্ত পরিচালক আকরাম আলী খান এবং প্যাটেন্টস, ডিজাইন্স এন্ড ট্রেড মার্কস বিভাগের সহকারী পরিচালক মোঃ বেলাল হোসেন।

উল্লেখ্য, সেমিনারে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষকবন্দ অংশ নেয়।



রায়হান কায়সার হাশেম
সহকারী রেজিস্ট্রার
জনসংযোগ ও প্রকাশনা দপ্তর